## বিভাগ 'ক'

১। সঠিক উত্তরটি নির্বাচন কর : ২০×১=২০

১.১ মোহনবাগান ক্লাব আই.এফ.এ. শিল্ড জয় করেছিল —

(ক) ১৮৯০ খ্রিঃ (খ) ১৯০৫ খ্রিঃ

(গ) ১৯১১ খ্রিঃ (ঘ) ১৯১৭ খ্রিঃ

১.২ দাদাসাহেব ফাল্‌কে যুক্ত ছিলেন —

(ক) চলচ্চিত্রের সঙ্গে

(খ) ক্রীড়া জগতের সঙ্গে

(গ) স্থানীয় ইতিহাসচর্চার সঙ্গে

(ঘ) পরিবেশের ইতিহাসচর্চার সঙ্গে

১.৩ 'গ্রামবার্তা প্রকাশিকা' প্রকাশিত হত —

(ক) যশোর থেকে (খ) রানাঘাট থেকে

(গ) কুষ্ঠিয়া থেকে (ঘ) বারাসাত থেকে

১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বি.এ. পরীক্ষা অনুষ্ঠিত হয় —

(ক) ১৮৫৭ খ্রিঃ (খ) ১৮৫৮ খ্রিঃ

(গ) ১৮৫৯ খ্রিঃ (ঘ) ১৮৬০ খ্রিঃ

১.৫ কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন —

(ক) ড: এম. জে. ব্রাম্‌লি

(খ) ড: এইচ. এইচ. গুডিভ

(গ) ড: এন. ওয়ালিশ

(ঘ) ড: জে. গ্রান্ট

১.৬ তিতুমিরের প্রকৃত নাম ছিল —

(ক) চিরাগ আলি (খ) হায়দর আলি

(গ) মির নিসার আলি (ঘ) তোরাপ আলি

১.৭ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের অন্যতম নেতা ছিলেন —

(ক) রানী কর্ণাবতী (খ) রানী শিরোমণি

(গ) দেবী চৌধুরানী (ঘ) রানী দুর্গাবতী

১.৮ "বন্দেমাতরম্" সঙ্গীতটি রচিত হয় —

(ক) ১৮৭০ খ্রিঃ (খ) ১৮৭২ খ্রিঃ

(গ) ১৮৭৫ খ্রিঃ (ঘ) ১৮৭৬ খ্রিঃ

১.৯ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন —

(ক) অক্ষয় কুমার দত্ত (খ) রাজনারায়ণ বসু

(গ) স্বামী বিবেকানন্দ (ঘ) রমেশচন্দ্র মজুমদার

১.১০ গগনেন্দ্রনাথ ঠাকুর ছিলেন —

(ক) সংগীত শিল্পী (খ) নাট্যকার

(গ) কবি (ঘ) ব্যঙ্গ চিত্রশিল্পী

১.১১ 'বর্ণপরিচয়' প্রকাশিত হয়েছিল —

(ক) ১৮৪৫ খ্রিঃ (খ) ১৮৫০ খ্রিঃ

(গ) ১৮৫৫ খ্রিঃ (ঘ) ১৮৬০ খ্রিঃ

১.১২ বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয় —

(ক) ১৯০৫ খ্রিঃ (খ) ১৯০৬ খ্রিঃ

(গ) ১৯১১ খ্রিঃ (ঘ) ১৯১২ খ্রিঃ

১.১৩ সর্বভারতীয় কিষান সভার প্রথম সভাপতি ছিলেন —

(ক) এন.জি. রঙ্গা (খ) স্বামী সহজানন্দ

(গ) বাবা রামচন্দ্র (ঘ) লালা লাজপত রায়

১.১৪ কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়েছিল —

(ক) কলকাতায় (খ) দিল্লিতে

(গ) বোম্বাইতে (ঘ) মাদ্রাজে

১.১৫ 'ওয়ার্কাস অ্যান্ড পেজেন্টস্ পার্টি' যুক্ত ছিল —

(ক) রাওলাট সত্যাগ্রহে

(খ) অসহযোগ আন্দোলনে

(গ) বারদৌলি সত্যাগ্রহে

(ঘ) সাইমন কমিশন বিরোধী আন্দোলেনে

১.১৬ বাংলার গভর্নর স্ট্যান্‌লী জ্যাক্‌সনকে হত্যা করার চেষ্টা করেন —

(ক) বীণা দাস (খ) কল্পনা দত্ত

(গ) প্রীতিলতা ওয়াদ্দেদার (ঘ) সুনীতি চৌধুরি

১.১৭ অ্যান্টি সার্কুলার সোসাইটির সম্পাদক ছিলেন —

(ক) শচীন্দ্র প্রসাদ বসু (খ) কৃষ্ণ কুমার মিত্র

(গ) চিত্তরঞ্জন দাস (ঘ) আনন্দমোহন বসু

১.১৮ ভাইকম সত্যাগ্রহ অনুষ্ঠিত হয়েছিল —

(ক) মালাবারে

(খ) মাদ্রাজে

(গ) মহারাষ্ট্রে

(ঘ) গোদাবরী উপত্যকায়

১.১৯ যে দেশীয় রাজ্যটি গণভোটের মাধ্যমে ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত হয় —

(ক) কাশ্মীর (খ) হায়দ্রাবাদ

(গ) জুনাগড় (ঘ) জয়পুর

১.২০ ভাষাভিত্তিক গুজরাট রাজ্যটি গঠিত হয় —

(ক) ১৯৫৩ খ্রিঃ (খ) ১৯৫৬ খ্রিঃ

(গ) ১৯৬০ খ্রিঃ (ঘ) ১৯৬৫ খ্রিঃ

## বিভাগ 'খ'

২। যে কোনো **ষোলটি** প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **একটি** প্রশ্নের উত্তর দিতে হবে) : ১৬×১=১৬

### উপবিভাগ : ২.১

একটি বাক্যে উত্তর দাও :

(২.১.১) 'গোরা' উপন্যাসটি কে রচনা করেন ?

(২.১.২) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম চিত্রিত গ্রন্থের নাম লেখো।

(২.১.৩) কোন্ বছর শ্রীরামপুর মিশন প্রেস প্রতিষ্ঠিত হয় ?

(২.১.৪) উষা মেহতা কোন্ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন ?

### উপবিভাগ : ২.২

ঠিক বা ভুল নির্ণয় কর :

(২.২.১) 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক ছিলেন দ্বারকানাথ বিদ্যাভূষণ।

(২.২.২) কলকাতা বিশ্ববিদ্যালয় -এর প্রথম মহিলা এম.এ. ছিলেন কাদম্বিনী বসু (গাঙ্গুলী)।

(২.২.৩) বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলনের অন্যতম নেত্রী ছিলেন বাসন্তী দেবী।

(২.২.৪) দীপালি সংঘ প্রতিষ্ঠা করেন কল্পনা দত্ত।

### উপবিভাগ : ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :

| | 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ |
|---|---|---|---|
| (২.৩.১) | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | (১) | হিন্দু বালিকা বিদ্যালয় |
| (২.৩.২) | নবগোপাল মিত্র | (২) | কৃষক আন্দোলন |
| (২.৩.৩) | বীরেন্দ্রনাথ শাসমল | (৩) | হিন্দু মেলা |
| (২.৩.৪) | ড্রিঙ্কওয়াটার বেথুন | (৪) | বঙ্গদর্শন |

## উপবিভাগ : ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত কর :

(২.৪.১) সাঁওতাল বিদ্রোহের (১৮৫৫) এলাকা ।

(২.৪.২) বারাসাত বিদ্রোহের এলাকা ।

(২.৪.৩) নীলবিদ্রোহের অন্যতম কেন্দ্র : যশোর ।

(২.৪.৪) দেশীয় রাজ্য হায়দ্রাবাদ ।

**অথবা**

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

শূন্যস্থান পূরণ কর :

(২.৪.১) সরলাদেবী চৌধুরানীর আত্মজীবনী গ্রন্থের নাম _______ ।

(২.৪.২) কলকাতা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠিত হয় _______ খ্রিষ্টাব্দে ।

(২.৪.৩) সুই মুণ্ডা ছিলেন _______ বিদ্রোহের অন্যতম নেতা ।

(২.৪.৪) ভারতসভা প্রতিষ্ঠিত হয় _______ খ্রিষ্টাব্দে ।

## উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন কর :

(২.৫.১) বিবৃতি : রামমোহন রায় লর্ড আমহার্স্টকে চিঠি লিখেছিলেন (১৮২৩ খ্রিঃ) ।

ব্যাখ্যা ১ : সতীদাহ প্রথা বন্ধের অনুরোধ জানিয়ে ।

ব্যাখ্যা ২ : ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে ।

ব্যাখ্যা ৩ : ভারতে সংস্কৃত শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে ।

(২.৫.২) বিবৃতি : স্বামী বিবেকানন্দ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন।

ব্যাখ্যা ১ : তাঁর উদ্দেশ্য ছিল আধুনিক ভারতের ইতিহাস প্রণয়ন করা।

ব্যাখ্যা ২ : তাঁর উদ্দেশ্য ছিল নব্য হিন্দুধর্ম প্রচার করা।

ব্যাখ্যা ৩ : তাঁর উদ্দেশ্য ছিল স্বাদেশিকতা প্রচার করা।

(২.৫.৩) বিবৃতি : বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে শ্রমিক-কৃষকদের জন্য কোনো কর্মসূচী গ্রহণ করা হয়নি।

ব্যাখ্যা ১ : শ্রমিক-কৃষকরা এই আন্দোলনের বিরোধী ছিল।

ব্যাখ্যা ২ : ব্রিটিশ সরকার শ্রমিক-কৃষকদের আন্দোলনের উপর নিষেধাজ্ঞা জারি করেছিল।

ব্যাখ্যা ৩ : বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন ছিল মূলতঃ মধ্যবিত্ত শ্রেণির আন্দোলন।

(২.৫.৪) বিবৃতি : গান্ধিজি জমিদারদের বিরুদ্ধে কৃষক আন্দোলন সমর্থন করেন নি।

ব্যাখ্যা ১ : গান্ধিজি ছিলেন জমিদারশ্রেণির প্রতিনিধি।

ব্যাখ্যা ২ : গান্ধিজি হিংসাত্মক আন্দোলনের বিরোধী ছিলেন।

ব্যাখ্যা ৩ : গান্ধিজি শ্রেণিসংগ্রামের পরিবর্তে শ্রেণি সমন্বয়ে বিশ্বাসী ছিলেন।

## বিভাগ 'গ'

৩। দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো এগারোটি) : ১১×২=২২

৩.১ আঞ্চলিক ইতিহাসচর্চা গুরুত্বপূর্ণ কেন ?

৩.২ 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায় ?

৩.৩ সংবাদপত্র এবং সাময়িক-পত্রের মধ্যে পার্থক্য কী ?

৩.৪ মধুসূদন গুপ্ত কে ছিলেন ?

৩.৫ সন্ন্যাসী-ফকির বিদ্রোহ ব্যর্থ হল কেন ?

৩.৬ নীল বিদ্রোহে খ্রিস্টান মিশনারীদের ভূমিকা কিরূপ ছিল ?

৩.৭ জমিদারসভা ও ভারতসভার মধ্যে দুটি পার্থক্য লেখ।

৩.৮ উনিশ শতকে জাতীয়তাবাদের উন্মেষে 'ভারতমাতা' চিত্রটির কিরূপ ভূমিকা ছিল ?

৩.৯ চার্লস উইলকিনস্ কে ছিলেন ?

৩.১০ বাংলা লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী ?

৩.১১ কৃষক আন্দোলনে বাবা রামচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল ?

৩.১২ মাদারি পাশি কে ছিলেন ?

৩.১৩ মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন ?

৩.১৪ দলিত কাদের বলা হয় ?

৩.১৫ দার কমিশন (১৯৪৮) কেন গঠিত হয়েছিল ?

৩.১৬ পত্তি শ্রীরামালু কে ছিলেন ?

## বিভাগ 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে যে কোনো **ছ'টি** প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **একটি** করে প্রশ্নের উত্তর দাও) : ৬×৪=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ 'নীলদর্পণ' নাটক থেকে উনিশ শতকের বাংলার সমাজের কীরূপ প্রতিফলন পাওয়া যায় ?

৪.২ উনিশ শতকে নারীশিক্ষা বিস্তারে ড্রিঙ্কওয়াটার বেথুন কী ভূমিকা গ্রহণ করেছিলেন ?

### উপবিভাগ : ঘ.২

৪.৩ হিন্দুমেলা প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল ?

৪.৪ 'বঙ্গভাষা প্রকাশিকা সভা'কে প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান বলা হয় কেন ?

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ ছাপাবই -এর সঙ্গে শিক্ষাবিস্তারের সম্পর্ক বিশ্লেষণ কর।

৪.৬ বাংলায় বিজ্ঞান চর্চার বিকাশে ড. মহেন্দ্রলাল সরকারের কিরূপ অবদান ছিল ?

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ ভারত সরকার কীভাবে দেশীয় রাজ্যগুলিকে ভারতীয় ইউনিয়নে সংযুক্ত করার প্রশ্নটি সমাধান করেছিল ?

৪.৮ কীভাবে কাশ্মীর সমস্যার সৃষ্টি হয় ?

## বিভাগ 'ঙ'

৫। পনেরো বা ষোলটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১×৮=৮

৫.১ বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবা বিবাহ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। বিদ্যাসাগর কতটা সাফল্য অর্জন করেছিলেন ? ৫+৩

৫.২ বাংলায় কারিগরী শিক্ষার বিকাশের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৮

৫.৩ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে নারীসমাজ কীভাবে অংশগ্রহণ করেছিল ? তাদের আন্দোলনের সীমাবদ্ধতা কী ? ৫+৩

## (কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

## বিভাগ 'চ'

৬। ৬.১ একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৪×১=৪

৬.১.১ 'নীলদর্পণ' নাটকটির রচয়িতা কে ?

৬.১.২ হিন্দু কলেজ কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৩ 'আনন্দ মঠ' কে রচনা করেন ?

৬.১.৪ কত খ্রিষ্টাব্দে বিশ্বভারতী প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৫ 'মাস্টারদা' নামে কে পরিচিত ছিলেন ?

৬.১.৬ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস -এর প্রথম সভাপতি কে ছিলেন ?

৬.২ **দুটি** বা **তিনটি** বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৩×২=৬

৬.২.১ ডেভিড হেয়ার স্মরণীয় কেন ?

৬.২.২ 'বিপ্লব' বলতে কী বোঝায় ?

৬.২.৩ 'রসিদ আলি দিবস' কেন পালিত হয়েছিল ?

৬.২.৪ 'ভারতভুক্তির দলিল' বলতে কী বোঝায় ?